

## ডিজিটাল বিশ্ববিদ্যালয় হবে গাজীপুরে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, 'বাংলাদেশের রাজধানীর পার্শ্ব গাজীপুরে ডিজিটাল বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি যে কোনো দেশের অর্থনৈতিক সমৃদ্ধির অন্যতম চাবিকাঠি। জনগণের জীবনমানের উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষার সম্প্রসারণ ঘটাতে হবে।'

শিক্ষামন্ত্রী সোমবার পাকিস্তানের ইসলামাবাদে 'কমিশন অন সায়েন্স অ্যান্ড টেকনোলজি ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন দি সাউথ (কমস্যাটস)' দু'দিনব্যাপী তৃতীয় সভায় প্রেনারি সেশনে প্রথম বক্তা হিসেবে এসব কথা বলেন।

সভায় অন্যান্যের মধ্যে চীন, মিসর, কলম্বো, ইরান, জামাইকা প্রভৃতি দেশের প্রতিনিধিরাও বক্তৃতা করেন। প্রেনারি সেশনে সভাপতিত্ব করেন পাকিস্তানের বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী মি. সি কে জামালি। এর আগে সোমবার সকালে পাকিস্তানের প্রধানমন্ত্রী কনফারেন্সের উদ্বোধন করেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'বাংলাদেশ সরকার ইতোমধ্যে তথ্যপ্রযুক্তি নীতিমালা ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করেছে। দেশের মাধ্যমিক স্তরের ২০,৫০০ স্কুলে মাল্টিমিডিয়া ক্লাস রুম চালু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শিক্ষক নিয়োগ, ছাত্র ভর্তি, পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশসহ বিভিন্ন কর্মকাণ্ডে প্রযুক্তির ব্যবহার এখন বুঝে সাধারণ ঘটনায় পরিণত হয়েছে।'

সরকার 'কারিগরি' ও 'ভোকেশনাল শিক্ষার ওপরও গুরুত্বারোপ করছে। বাংলাদেশের নতুন প্রজন্ম বিজ্ঞান ও প্রযুক্তিতে অনেক এগিয়ে গেছে উল্লেখ করে নাহিদ বলেন, 'ইলেক্ট্রনিক ডেভিঃ মেশিন (ইভিএম), পাটের জন্ম রহস্য, ইলেক্ট্রিক ব্যাটারি, ডায়রিয়ার জীবাণুনাশক পানি বিতরণকরণ পদ্ধতিসহ বিভিন্ন উদ্ভাবন জাতিকে সমৃদ্ধ করছে।' এসব প্রযুক্তির বিনিময় ঘটানো যেতে পারে বলে তিনি মতব্যা করেন।

শিক্ষামন্ত্রী কাল দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে।  
উল্লেখ্য, ২১টি দেশ কমস্যাটস'র সদস্য। ১৭টি নামকরা গবেষণা প্রতিষ্ঠান এ সংস্থার সঙ্গে যুক্ত। বাংলাদেশের খিসিএসআইআর তার অন্যতম।  
শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার সুবোধ চন্দ্র চন্দী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।